প্রথম আলো

তারিখ ... 16 FEB 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# উত্ত্যক্ত করায় ছাত্র বহিষ্কার

রাজধানী প্রতিবেদক ●

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীকে উত্ত্যক্ত করায় গতকাল সোমবার এক ছাত্রকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

উত্ত্যক্তের শিকার ওই ছাত্রীর সহপাঠীরা জানান, প্রায় এক বছর ধরে ওই ছাত্রীকে উত্ত্যক্ত করে আসছিলেন অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের ছাত্র হাসিব। ফলে নিয়মিত ক্লাস-পরীক্ষায় অংশ নিতে পারতেন না ওই ছাত্রী। বিষয়টি ওই ছাত্রীর বিভাগের চেয়ারম্যানকেও লিখিতভাবে জানানো হয়েছে। কিন্তু কোনো কাজ হয়নি। গতকাল আবার ওই ছাত্রীকে উত্ত্যক্ত করেন হাসিব। পরে দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর বরাবর লিখিত অভিযোগ করেন তিনি।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর নূর মোহাম্মদ *প্রথম আলো*কে বলেন, লিখিত অভিযোগ পাওয়ার পর হাসিবকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। তদন্ত করে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।